

পরীক্ষা কেন্দ্রে নকল সরবরাহ কাজিপুর্বে মাদ্রাসা সুপারের কারাদণ্ড বাঞ্ছারামপুরে ২ শিক্ষককে অব্যাহতি

যুগান্তর ডেস্ক

পিরাজংগের কাজিপুর্বে উপজেলায় চলমান জেডিসি পরীক্ষায় নকল সহযোগিতা করায় মাদ্রাসা সুপার ও নৈশপ্রহরীকে ২ বছর করে সাজা প্রদান করা হয়েছে। বাঞ্ছারামপুরে জেএসসি পরীক্ষায় নকল করতে সহযোগিতা করার অভিযোগে দুই শিক্ষককে অব্যাহতি দেয়া হয়েছে। যুগান্তর প্রতিনিধিরা জানান—

পিরাজংগের কাজিপুর্বে উপজেলায় চলমান জেডিসি পরীক্ষায় নকল সহযোগিতা করায় মাদ্রাসা সুপার ও নৈশপ্রহরীকে ২ বছর করে সাজা প্রদান করা হয়েছে। রোববার উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাকিউল ইসলাম ডায়ম্যাগ আদালতের মাধ্যমে এ সাজা প্রদান করেন। নির্বাহী কর্মকর্তার কার্যালয় সূত্রে জানা গেছে, রোববার বেজের দারিত্তপ্রান্ত কাজিপুর্বে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জাহিদুল ইসলাম চরনিংড়াবাড়ী দাখিল মাদ্রাসা কেন্দ্রে জেডিসি পরীক্ষাকেন্দ্রে পরিদর্শনে যান। এ সময় পশ্চিম বেতগাড়া দাখিল মাদ্রাসার সুপার নজরুল ইসলাম ও নৈশপ্রহরী কুছন ওরফে দুই মিয়র মাধ্যমে নৈশপ্রহরী পরীক্ষার উত্তরপত্র শিক্ষার্থীদের মাঝে বিলি করা কাগজীন তিনি যতেনাতে ওই দু'জনকে ধরে ফেলেন। এ নিয়ে ওই দুই

মাদ্রাসার পরিচালনা কমিটির সভাপতি ও আঙ্গীনের দুই প্রভাবশালী নেতা তাদের ছড়িয়ে নেয়ার জন্য দেনপয়বার করেন। কিন্তু নাছোড়বান্দা ইউএনও ১৮৮০/৯ ধারা মোতাবেক তাদের অভিযোগে দুই বছর করে কারাদণ্ড দিয়ে জেলাজজের পাঠিয়ে দেন। প্রাক্তনবক্তিত্তা : বাঞ্ছারামপুরে জেএসসি পরীক্ষায় নকল করতে সহযোগিতা করার অভিযোগে দুই শিক্ষককে অব্যাহতি দেয়া হয়েছে। রোববার বাঞ্ছারামপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। অব্যাহতি প্রাপ্ত শিক্ষকরা হলেন তেজগাঙ্গী ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ে শিক্ষক আবদুল মতিন ও রূপসদী কুদাবন উচ্চ বিদ্যালয়ের খণ্ডকালীন শিক্ষক মো. রাসেল। রোববার বাঞ্ছারামপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় বেজে সাধারণ বিজ্ঞান চলাকালীন সময়ে নকল করার সহযোগিতা করার অভিযোগ বেজে দারিত্তপ্রান্ত কর্মকর্তা সৌমেন বিশ্বাস হুদ ২১নং কক্ষ দারিত্তপ্রান্ত ২ শিক্ষক আবদুল মতিন ও মো. রাসেলকে দায়িত্ব থেকে অব্যাহতি দেন। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. তৌহিদুল ইসলাম জানান, পাইলট বালিকা বিদ্যালয় কেন্দ্রে নকল করার সহযোগিতা করার অভিযোগে আবদুল মতিন ও মো. রাসেল নামের ২ জন শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে।